

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ভিটি/১৩৮০/০২/

তারিখঃ /০৭/২০১৭ খ্রিঃ।

প্রাপকঃ অধ্যক্ষ
গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজ
গাইবান্ধা।

বিষয় : আনুতোষিক ও অবসর ভাতা মঞ্জুরী প্রসংগে।

সূত্র : আঞ্চলিক/পরিঃ/রাজশাহী বিভাগ/পিএফ-৯২/৮৮ তারিখঃ ২৮/০৫/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রাজশাহী বিভাগ এর সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব মোঃ মাছুউদার রহমান এর ২৮/১১/২০১৪ খ্রিঃ তারিখ হতে অবসরোত্তর ছুটি ভোগ শেষে ২৯/১১/২০১৫ খ্রিঃ তারিখ হতে এককালীন আনুতোষিক ও অবসর প্রদানের ক্ষেত্রে গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজের না-দাবী সনদ নিরীক্ষায় দেখা যায়, উক্ত প্রতিষ্ঠানে ১৯৮৯-৯৩ সনে কর্মকালীন সময়ে ০৯ টি অডিট আপত্তি রয়েছে। উক্ত অডিট আপত্তিকৃত ১,১৬,০৮২/৯৮ টাকার বিবরণী থাকলেও অধ্যক্ষ, টিএসসি গাইবান্ধা ১,১০,৯৮১/৫০ টাকার বিবরণী তার না-দাবী সনদ পত্রে উল্লেখ করেছেন।

এমতাবস্থায়, জনাব মোঃ মাছুউদার রহমান এর নামে অডিট আপত্তিকৃত টাকার গড়মিল এর কারণ উল্লেখ পূর্বক উক্ত টাকার সঠিক হিসাব এবং আপত্তিকৃত অডিট নিষ্পত্তি হলে উক্ত নিষ্পত্তি পত্রের সত্যায়িত কপি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


স্বাক্ষরিত/-
(মোহাম্মদ সাজ্জাদ মুফতী)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ভিটি/১৩৮০/০২/ ১১৮৯ (৩)

তারিখঃ ০৫ /০৭/২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল।

০১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
০২. জনাব মোঃ মাছুউদার রহমান, সহকারী আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, রাজশাহী বিভাগ, কলেজ রোড (ঢাকা-বগুড়া মহাসড়ক সংলগ্ন), শেরপুর, বগুড়া-৫৮৪০।
০৩. সংরক্ষণ নথি।


(মোহাম্মদ সাজ্জাদ মুফতী)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

